53

দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 OCT 1998
পৃঃ ১ কলাম ৪

# ডিগ্রী বিশেষ পরীক্ষার ফল প্রকাশ ঃ পাসের হার ৩৫ ভাগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ।। গতকাল (মঙ্গলবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট কোর্স বিশেষ পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। এই পরীক্ষায় মোট ৪২ হাজার ৩৫২ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। ইহার মধ্যে ১২ হাজার ১৩৫ জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার শতকরা ৩৪ দশমিক ৯৩। বিএ(পাস) বিশেষ পরীক্ষায় মোট ২৬ হাজার ৯৫০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে প্রথম

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী বিশেষ পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

বিভাগে ১০ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ৪৭৪ জন এবং তৃতীয় বিভাগে ৫হাজার ৩৭ জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার শতকরা ৩৫ দশমিক ২৯। বিএসসি (পাস) বিশেষ পরীক্ষায় মোট ১ হাজার ৮৩১ জনের মধ্যে প্রথম বিভাগে ৪ জন, দ্বিতীয় বিভাগে ৪৮ জন এবং তৃতীয় বিভাগে ২০৪ জন পাস করিয়াছে। পাসের হার শতকরা ৪০ দশমিক ৯৯। বিএসএস বিশেষ পরীক্ষায় মোট ৮৫১৭ জন পরীক্ষার্থীর মধ্যে দ্বিতীয় বিভাগে ৪৭২ জন ও তৃতীয় বিভাগে ১৬৪০ জন পাস করিয়াছে। পাসের হার শতকরা ২৯ দশমিক ৭২। বিকম বিশেষ পরীক্ষায় মোট ৫০৩২ জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ১ জন, দ্বিতীয় বিভাগে ৪০৩ জন এবং তৃতীয় বিভাগে ১৪০২ জন পাস করে। পাসের হার শতকরা ৩৯ দশমিক ১৬। বি মিউজিক বিশেষ পরীক্ষায় ২২জন পরীক্ষার্থীর ৪ জন পাস করিয়াছে।

বিএ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়াছেন ঢাকার মোহাম্মদ মাসুম বিল্লাহ, রোল নং প্রাইভেট ২৫৯৭৫।